

১৩/০৭/২০০২

০৭ ২০০২

তারিখ ... ..  
গৃহীত ... কলাম ... ৫ .....



### অধ্যাপক শামসুল হক সিটি ইউনিভার্সিটির উপাচার্য নিযুক্ত

অধ্যাপক ড. এম শামসুল হক সিটি ইউনিভার্সিটির উপাচার্য হিসেবে যোগদান করেছেন। শিক্ষাবিদ এবং উর্ধ্বতন প্রশাসক হিসেবে অধ্যাপক শামসুল হকের দীর্ঘদিনের অভিজ্ঞতা রয়েছে।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএর অধ্যাপক ও পরিচালক এবং একই বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে দায়িত্ব পালন করেছেন (১৯৯৫-১৯৯৯)। তিনি নর্থ-সাউথ ইউনিভার্সিটির এমবিএ প্রোগ্রাম ডাইরেক্টর হিসেবেও দায়িত্ব পালন করেন (১৯৯৯-২০০০)। ইতিপূর্বে তিনি মেমোরিয়েল ইউনিভার্সিটি অফ এনডারউইউএলডি, সেন্ট জোন্স কানাডাতে ১৯৮৪-১৯৮৭ সময়কালে জিজিটিং প্রফেসর হিসেবে দায়িত্ব পালন করেন। বিভিন্ন দেশী-বিদেশী সাময়িকীতে তার চারটি রিসার্চ মনো গ্রাফসহ ৩০-এর অধিক প্রকাশনা রয়েছে।

অধ্যাপক হক ১৯৭৭ সালে যুক্তরাজ্যের ম্যানচেস্টার বিজনেস স্কুল থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন এবং এরও আগে ১৯৬৯ সালে যুক্তরাজ্যের ব্রুমিংটন, ইংল্যান্ড বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ বিজনেস থেকে এমবিএ ডিগ্রি লাভ করেন।

ড. হক অর্থনৈতিক উন্নয়নে বেসরকারি খাতে ভূমিকার দৃঢ় সমর্থক। ফাইন্যান্স ও পাবলিক পলিসি বিষয়ে বিশেষজ্ঞ হওয়ার সুবাদে তিনি বিশ্বব্যাংক, এডিবি, ইউএনডিপি, ইউএসএইড, আইডিই এবং জিটিজেড-এর মতো গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহে কাজ করার সুযোগ পেয়েছেন। ১৯৯৬ সালে তিনি প্রথমবারের মতো জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৪ বৎসর মেয়াদি এমবিএ প্রোগ্রাম চালু করেন। যা বর্তমানে প্রায় ১০টি বেসরকারি প্রতিষ্ঠানে প্রচলিত রয়েছে।